

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪- ৮৭ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ পরিকল্পনা কমিশন
নিম্নরূপভাবে গঠন করেছেঃ

(ক) কমিশনের গঠনঃ

- | | | |
|-----|------------------------------|--------------------|
| (১) | প্রধানমন্ত্রী | - চেয়ারপারসন |
| (২) | পরিকল্পনা মন্ত্রী | - ভাইস-চেয়ারম্যান |
| (৩) | পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ | - সদস্য |
| (৪) | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য-সচিব |


(খ) কার্যপরিধিঃ

- (১) বুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি।
- (২) চেয়ারপারসন, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবেঃ
 - (২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;
 - (২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণ;
 - (২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;
 - (২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি; এবং
 - (২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

১৭

- ২। প্রয়োজনে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নলিখিত কর্মকর্তাগণকে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে :
- (১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
 - (২) সচিব, অর্থ বিভাগ
 - (৩) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
 - (৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
 - (৫) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।
- ৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ নূরুল করিম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৭


১১ বৈশাখ, ১৪২১

তারিখ.....

২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/সদস্যমন্ত্রণালয়/বিভাগ/পরিকল্পনা কমিশন।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ।
মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৪/০৪/২০১৪

(মোঃ জয়নাল আবেদীন)

সহকারী সচিব

ফোন : ৯৫১১০৮১